

দৈনিক  
ইনকিলাব

তারিখ: 8 MAY 2003  
৮/৬

### নিরক্ষরমুক্ত জেলা ঘোষণা করতে খালেদা জিয়া সিরাজগঞ্জে যাবেন

সিরাজগঞ্জ থেকে শামীম সিরাজী ৥ নিরক্ষরমুক্ত জেলা ঘোষণার লক্ষ্যে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সিরাজগঞ্জে আগমনকে কেন্দ্র করে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। একদিনে জেলা প্রশাসন যেমন নানা ব্যবস্থাপনায় ব্যস্ততার দিন কাটাচ্ছে তেমনই জেলা বিদ্যালয় ও অত্র সংগঠনগুলো বৈঠক শুরু করেছে। গতকাল (বুধবার) জেলা ছাত্রদল শহরে বিরাট মিছিল বের করে বেগম জিয়ার আগমনকে স্বাগত জানায়। জেলার পায়িত্ত্বগ্রাণ্ড বিদ্যুৎ প্রতিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু সিরাজগঞ্জে অবস্থান করে সকল বিষয়ে তদারকি করছেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব অধ্যাপিকা ডঃ তাহামিনা হোসেন সিরাজগঞ্জে রয়েছেন। বিদ্যুৎ প্রতিমন্ত্রী এ প্রতিনিধিকে জানান। ১০ মে প্রধানমন্ত্রীর আগমনের দিন দৃষ্টান্ত স্থাপনকারী অনুষ্ঠান হবে। নিরক্ষরতা জাতির একটি অভিশাপ, এ অভিশাপ থেকেই এ জেলাকে মুক্ত করতে হবে।